

ফাতওয়া নান্বার: ৩০

তারিখ: ০৬-০৬-২০২০ ইংরেজি

পশু-পাখি বিপদ-আপদ সম্পর্কে বুঝতে পারে - কুরআন হাদিস এই বিষয়ে কি বলে?

প্রশ্ন:

এই যে বিভিন্ন বিপদ-আপদ হয়, এই সমস্ত বিপদ-আপদের পূর্বে কি পশু-পাখি বিপদ-আপদ সম্পর্কে বুঝতে পারে? এই যেমন ধরেন কেউ মারা যাওয়ার আগে কাক উড়া উড়ি করা। কুরআন হাদিসের আলোকে এই বিষয়ে জানার ছিল।

রাশেদ হাসান

উত্তর

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله والصلاة والسلام على رسول الله وعلى آله ومن والاه أما بعد.

এগুলো আমাদের সমাজে প্রচলিত জাহেলি আকিদা-বিশ্বাস ও কুসংস্কারের অংশ। যেমন মনে করা হয়, ছতোম প্যাঁচা দেখলে বিপদ হবে। কানা-কুয়া পাখি যে বাড়ির উপর বসে ডাকবে, সে বাড়ির কারো বিপদ হবে। অথচ পাখির ডাকের সঙ্গে বিপদের কোনো সম্পর্ক নেই। বিপদ দেয়ার মালিক আল্লাহ, দূর করার মালিকও আল্লাহ। সুতরাং পাখির ডাক বা ওড়াওড়িকে বিপদের সংকেত মনে করা যাবে না। পশু-পাখি কারো জন্ম বা মৃত্যুর জ্ঞান রাখে বা বিপদ-আপদ সম্পর্কে আগেই জানতে পারে, এমন বিশ্বাস ও রাখা যাবে না। এগুলো সবই গায়েবের বিষয়। আল্লাহ ছাড়া এসবের ইলম কারো কাছে নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

« لَا عَدْوَى وَلَا طَيْرَةٌ وَلَا هَامَةٌ وَلَا صَفْرٌ » - صحيح البخاري: 5757

“রোগ-ব্যাদি (তার নিজস্ব ক্ষমতায়) একজনের দেহ থেকে আরেকজনের দেহে সংক্রমিত হয় না। কুলক্ষণ বলতে কিছু নেই। প্যাঁচার ডাক বা সফর মাসেও কোনো কুলক্ষণ নেই।” -সহিহ বুখারি: ৫৭৫৭।

মহান আল্লাহ তাআলা ইরশাদ করেন,

اللجنة الشرعية للدعوة والنصرة
اللجنة الشرعية للدعوة والنصرة
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

قُلْ لَا يَعْلَمُ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ الْغَيْبَ إِلَّا اللَّهُ - سورة النمل: 65

“বলে দাও আসমান ও জমিনে আল্লাহ ছাড়া কেউ গায়েব জানেনা।” -সূরা নামল: ৬৫

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি

১৩ ই শাওয়াল, ১৪৪১ হি.

৬ ই জুন, ২০২০ ইং

